

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)/১২৩/২০১৭-১৪

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৪
অক্টোবর ৫, ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

জনস্বাস্থ্যে ব্যবহার্য মশার কয়েল, লোশন, ভ্যাপারাইজার ইত্যাদি (রেডি টু ইউজ) আমদানি করার জন্য এলসি খোলা প্রসঙ্গে।


শিরোনামোক্ত বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে প্রেরিত ৩১/০৮/২০১৭ তারিখের ১২.১১.০০০০.০১০.৩৯.১০০.
২০১৭.১৫৪৭(১০) সংখ্যক স্মারকের প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বালাইনাশক কারিগরী উপদেষ্টা কমিটির ৭৪ তম সভায় মশার কয়েল, লোশন, ভ্যাপারাইজার (রেডি টু ইউজ) ইত্যাদির আমদানি ৩০/০৬/২০১৯ তারিখ পর্যন্ত অব্যাহত রাখার জন্য (শুধুমাত্র Godrej Household Products (Bangladesh) Pvt. Ltd., S C Johnson Private Limited ও Haychem (Bangladesh) Limited এর পক্ষে) সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের পক্ষে উক্ত পণ্যাদি আমদানি সংশ্লিষ্ট কার্যাদি, যেমন: এলসি খোলা ও পণ্য খালাস ইত্যাদি অব্যাহত রাখার জন্য আপনাদের পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩১৯

abdul.mannan@bb.org.bd

স্মারক নং-১২.১১.০০০০.০১০.৩৯.১০০.২০১৭- / ১৫৪৭ (২০)

তারিখঃ ৩০/৮/১৭

প্রাপক,

জেনারেল ম্যানেজার
এফ.আই.সি.এস.ডি
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ডিজিএম-১/২/৩

বিষয়ঃ বিভিন্ন ব্যাংক কর্তৃক ৩(তিন) টি বাহুজাতিক কোম্পানীর নামে জনস্বাস্থ্যে ব্যবহার্য মশার কয়েল, লোশন, ভ্যাপারাইজার ইত্যাদি (রেডি টু ইউজ) আমদানী জন্য এলসি খোলা প্রসঙ্গে।
সূত্রঃ বালাইনাশক কারিগরী উপদেষ্টা কমিটির ৭৪তম (পিটাক) সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০ জুন, ২০১৭খ্রিঃ অনুষ্ঠিত বালাইনাশক কারিগরী উপদেষ্টা কমিটির ৭৪তম (পিটাক) সভায় জনস্বাস্থ্যে ব্যবহার্য মশার কয়েলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বালাইনাশক কারিগরী উপদেষ্টা কমিটির ৭৪তম (পিটাক) কার্যবিবরণী সভার ৫৩নং পৃষ্ঠার আলোচ্য সুচী-৪ এর “ গৃহীত সিদ্ধান্তে সভায় উপরোল্লিখিত বিষয়টি উপস্থাপিত হলে সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং আবেদনকৃত ০৩(তিন)টি বাহুজাতিক কোম্পানীকে ফরমুলেশন প্লান্ট স্থাপনের জন্য ০২(দুই) বৎসর সময় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। আমদানী বিষয়টি ফরমুলেশন প্লান্ট স্থাপনের সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে চলমান থাকবে। ফরমুলেশন প্লান্ট স্থাপনের জন্য আবেদনকারী প্রতিষ্ঠান সমূহকে ০২(দুই) বৎসরের কর্মপরিকল্পনা দাখিল করতে হবে (কপি সংযুক্ত)।”

এমতাবস্থায়, নিয়ন্ত্রনাধীন সকল ব্যাংক সমূহকে ৩০ জুন, ২০১৯খ্রিঃ পর্যন্ত মশার কয়েল, লোশন, ইত্যাদি (রেডি টু ইউজ) আমদানীর লক্ষ্যে প্রদত্ত ০৩(তিন) টি প্রতিষ্ঠানের নামে আমদানী, এলসি খোলা, পন্য খালাস ইত্যাদি প্রয়োজনীয় নির্দেশনা জারীর ব্যবস্থা গ্রহণের অনুরোধ হলো।

অমিতাভ দাস
৩০/৮/১৭
(অমিতাভ দাস)
পরিচালক

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (উপকরণ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (আমদানী), বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৪। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, চট্টগ্রাম।
- ৫। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, বেনাপোল স্থল বন্দর, বেনাপোল, যশোর।
- ৬। নৌ সমরাত্র পরিদর্শন কর্মকর্তা, নৌ সমরাত্র পরিদর্শন সংস্থা, নিউমোরিং, চট্টগ্রাম।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ ক্রপ প্রটেকশন এসোসিয়েশন, ঢাকা।
- ৮। পরিচালক (কান্ট্রি ম্যানেজার), হেকিম (বাংলাদেশ) লিঃ, ঢাকা।
- ৯। কান্ট্রি ম্যানেজার, গোদরেজ হাউ হোল্ড প্রোডাক্ট (বাংলাদেশ), প্রাইভেট, লিমিটেড, ঢাকা।
- ১০। পরিচালক, কান্ট্রি ম্যানেজার, এস. সি জনসন প্রাইভেট লিমিটেড, ঢাকা।